

# যুগান্তর

ঢাকায় ও বছরের

## বেশি থাকা শিক্ষকদের বদলি করুন

প্রধান বিচারপতি

প্রকাশ : ২৮ মে ২০১৮, ০০:০০ | প্রিন্ট সংক্রান্ত

 যুগান্তর রিপোর্ট

রাজধানীর সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে যেসব শিক্ষক তিনি বছরের বেশি সময় ধরে আছেন, তাদের অন্যত্র বদলি করে দিতে বলেছেন প্রধান বিচারপতি সৈয়দ মাহমুদ হোসেন। রোববার কোচিং বাণিজ্যে জড়িত থাকার অভিযোগে রাজধানীর কয়েকটি সরকারি বিদ্যালয়ের শিক্ষকের বদলিসংক্রান্ত এক মামলার শুনানিতে অ্যাটর্নি জেনারেলের বক্তব্যের পরিপ্রেক্ষিতে প্রধান বিচারপতি এ মন্তব্য করেন। শুনানির এক পর্যায়ে অ্যাটর্নি জেনারেল মাহমুদের আলম আদালতকে বলেন, অনেক শিক্ষক ঢাকায় ১০-১২ বছর ধরে আছেন। এদের অনেকেই কোচিং বাণিজ্য করছেন। প্রধান বিচারপতি এ সময় বলেন, কেন? তিনি বছর পর পর তো বদলি করার কথা। তা হলে এর জন্য তো মন্ত্রণালয়-অধিদফতর দায়ী। প্রধান বিচারপতি বলেন, ঢাকার সরকারি বিদ্যালয়ের যেসব শিক্ষক তিনি বছরের বেশি সময় ধরে আছেন তাদের বদলি করে দিন।

কোচিং বাণিজ্যে বক্রের নীতিমালা চ্যালেঞ্জ করে কয়েক শিক্ষক হাইকোর্টে রিট দায়ের করেন। হাইকোর্ট শুনানি নিয়ে রূল জারি করেন এবং তাদের বদলি আদেশ স্থগিত করেন। এ আদেশের বিরুদ্ধে রাষ্ট্রপক্ষ আপিলে যায়। শুনানিতে রোববার আদালত এ মন্তব্য করেন।

তারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বব্লঙ্ক স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।